



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
MANAMA, KINGDOM OF BAHRAIN



প্রেস বিজ্ঞপ্তি

বাংলাদেশ দূতাবাস বাহরাইন কর্তৃক 'গণহত্যা দিবস' পালিত

মানামা, বাহরাইন, ২৫ মার্চ ২০২২

যথাযথ মর্যাদা ও ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে বাহরাইনস্থ বাংলাদেশ দূতাবাসে '২৫শে মার্চ- গণহত্যা দিবস' পালিত হয়েছে। দূতাবাস প্রঙ্গণে অনুষ্ঠিত কর্মসূচির শুরুতে পবিত্র কোরআন থেকে তিলাওয়াত ও ২৫শে মার্চের কালো রাতে নিহত নিরস্ত্র বাঙালি ও ৭১-এর ৯ মাস ব্যাপী মুক্তিযুদ্ধে শহিদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়।

রাষ্ট্রদূত ড. মুহাম্মদ নজরুল ইসলাম তাঁর বক্তব্যের শুরুতে শ্রদ্ধার সাথে স্মরণ করেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার নেতৃত্ব ও দিকনির্দেশনায় দীর্ঘ ন'মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত হয় আমাদের মহান স্বাধীনতা। তিনি আরো স্মরণ করেন ২৫ মার্চ কালরাতের নৃশংস হত্যাকাণ্ডসহ পাকিস্তানি হানাদার বাহিনীর হাতে নির্মম গণহত্যার শিকার সকল শহিদকে। এরপর তিনি 'গণহত্যা দিবস'-এর পটভূমির উপর আলোচনা করেন এবং বাংলাদেশে সংঘটিত গণহত্যার আন্তর্জাতিক স্বীকৃতি অর্জনে বাংলাদেশ সরকারের নিরলস প্রচেষ্টার বিষয়ে আলোকপাত করেন। এমন গণহত্যা আর কোথাও যাতে না ঘটে, গণহত্যা দিবস পালনের মাধ্যমে সে দাবিই বিশ্বব্যাপী প্রতিফলিত হবে বলে তিনি আশা পোষণ করেন।

পরিশেষে, ২৫শে মার্চ এর সকল শহিদ, বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সদস্যদের পাশাপাশি বাঙালির স্বাধীনতা ও স্বাধিকার আন্দোলনের সকল শহিদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশীরা অনুষ্ঠানে যোগ দেন।



মুজিববর্ষেরকূটনীতি ৷ প্রগতিও সম্প্রীতি

Mujib Year's Diplomacy ৷ Friendship & Prosperity

Address: House # 71, Qufool Avenue, Salihiya # 356, P.O. Box # 26718, Manama, Bahrain
Tel: 973-17233925 Fax: 973-17233683, 973-17232819, E-mail: mission.manama@mofa.gov.bd
Website: www.bdembassy.org.bh